দৈনিক ইত্তেফাক

তারিখ 12 NOV 2007
পৃষ্ঠা ৫ কলাম ৪

# মাধ্যমিক শিক্ষার মান উন্নয়নের আলোচনা সভা

॥ চট্টগ্রাম অফিস ॥

চট্টগ্রামে 'মাধ্যমিক শিক্ষার মানোন্নয়নের জন্য কি করণীয়' শীর্ষক আলোচনা সভায় বাংলাদেশ শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক প্রফেসর কেএম আওরঙ্গজেব বলেছেন, মাধ্যমিক শিক্ষার মান উন্নয়নের প্রথম শর্ত হলো দক্ষ শিক্ষক হিসেবে গড়ে ওঠা। এই প্রসঙ্গে তিনি বলেন, যোগ্যতাসম্পন্ন শিক্ষক হিসেবে নিজেদের গড়ে তুলতে না পারলে সুন্দর প্রজন্ম সৃষ্টি হবে না। ছাত্র-ছাত্রীদের সুনাগরিক হিসেবে গড়ে তোলা মাধ্যমিক শিক্ষকদের দায়িত্ব ও কর্তব্য। এ আলোচনা সভা গত শনিবার চট্টগ্রাম সরকারি বালিকা বিদ্যালয় মিলনায়তনে অনুষ্ঠিত হয়। এতে শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক প্রফেসর কেএম আওরঙ্গজেব প্রধান অতিথি, পরিচালক (কলেজ ও প্রশাসন) প্রফেসর খান হাবিবুর রহমান ও পরিচালক (মাধ্যমিক) প্রফেসর আনম শরীফ বিশেষ অতিথি ছিলেন। শিক্ষা পরিদপ্তর চট্টগ্রাম অঞ্চলের উপ-পরিচালক মুহাম্মদ আবদুস সাত্তারের সভাপতিত্বে অনুষ্ঠানে শিক্ষা অধিদপ্তরের সহকারী পরিচালক ফরিদ উদ্দিন, শিক্ষা পরিদপ্তর চট্টগ্রাম অঞ্চলের বিদ্যালয় পরিদর্শিকা মিসেস মনোয়ারা বেগম, ডা. খাস্তগীর সরকারি বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষিকা মিসেস হাসমত জাহান, চট্টগ্রাম সরকারী উচ্চ বিদ্যালয়ের সহকারী শিক্ষক মোহাম্মদ ফিরোজ উদ্দিন বক্তৃতা করেন। অনুষ্ঠানের উপস্থাপনায় ছিলেন চট্টগ্রাম কলেজিয়েট স্কুলের প্রধান শিক্ষক মোহাম্মদ আজিজ উদ্দিন।